২৮/৯/২০০৭

দৈনিক সংবাদ

তারিখ ...
পৃঃ ৪ কলাম ৩...

# আমেরিকায় লেখাপড়ার সুযোগ

শফিকুল বারী

ভিন দেশে পড়াশুনা

আমাদের দেশ হতে প্রতিনিয়ত ছাত্ররা বাইরের দেশে পড়াশোনার জন্য যেতে চান। অথচ পারছেন কতোজন? বিশেষ করে যারা ইউএসএ বা আমেরিকায় পড়তে যেতে চান, তারা অনেকেই নিয়ম-কানুন ভালোভাবে না জেনে শেষে ভিসা না পেয়ে হতাশ হয়ে যান।

আসুন, ইউএসএ শুধুমাত্র পড়াশোনার জন্য কিভাবে যাওয়া যায় তা জেনে নিই।

মার্কিন যুক্তরাষ্ট্রে শতাধিক বিশ্ববিদ্যালয় রয়েছে এবং প্রায় সবগুলোতেই বিদেশী ছাত্রদের পড়ার সুযোগ রয়েছে। আপনি ইচ্ছা করলে সে রকম একজন বিদেশী ছাত্র হিসেবে পড়তে পারেন।

আমেরিকাতে পড়াশোনার জন্য সাধারণত পূর্বের রেজাল্টের গুরুত্ব দেয়া হয় না। অর্থাৎ এ দেশে এসএসসি ও এইচএসসি পরীক্ষার প্রাপ্ত নম্বরের তেমন একটা গুরুত্ব নেই। দেখা গেছে, দুটোতেই তৃতীয় বিভাগ প্রাপ্ত ছাত্রছাত্রীরাও এখানে পড়ার সুযোগ পাচ্ছে (আবার ভালো রেজাল্টেরও অনেক চান্স পাচ্ছে না)। এখানে পড়তে হলে যেটা প্রধান তাহলো ইংরেজি ব্যতীত অন্য ভাষাভাষী কোন লোক এটি ছাড়া আমেরিকায় পড়তে যেতে পারে না। Toefl স্কোরের ওপর ভিসা পাওয়া না পাওয়া অনেকাংশে নির্ভর করে। বিশ্ববিদ্যালয়গুলোতে ভর্তির জন্য সাধারণত Toefl Score ৫০০ চাওয়া হয়, এর ওপর হলে ভালো। আর ৫০০ এর ওপরে Score থাকলে তো অনেকটাই নিশ্চিন্ত থাকা যায়। (অবশ্য ভিসা নেয়ার দিন মৌখিকভাবে পরীক্ষিত হতে পারে)। তাই আমেরিকায় পড়তে যেতে হলে আগে Toefl এ ভালো Score তুলুন।

**ভর্তির আবেদনপত্র সংগ্রহ ঃ** ঠিকানা অনুযায়ী কয়েকটি বিশ্ববিদ্যালয়ে আপনার শিক্ষাগত যোগ্যতা ও কোন্ বিষয়ে পড়তে চান তা জানিয়ে আবেদন করুন। ভর্তির জন্য বিস্তারিত নিয়মাবলী ওরা আপনাকে পাঠাবে। সেখান থেকে পছন্দ অনুযায়ী ভর্তি ফরম পূরণ করে পাঠান; সঙ্গে অবশ্যই এসএসসি ও এইচএসসি পরীক্ষার মূল সনদের সত্যায়িত ইংরেজি ফটোকপি ফরেন মিনিস্ট্রি বা কলেজ অধ্যক্ষের দ্বারা সত্যায়িত হলে ভাল হয়।

২. চারিত্রিক সার্টিফিকেট (ইংরেজি)

৩. Toefl Score Sheet

৪. ডলারে ড্রাফট।

উপরোক্ত কাগজপত্র পাঠাবেন।

বিশ্ববিদ্যালয় আপনার কাগজপত্রে সন্তুষ্ট হলে আপনাকে একটি I-20 (আই টুয়েন্টি) পাঠাবেন। এটি পাঠাবার অর্থ হলো ওরা আপনাকে ভর্তির জন্য প্রস্তুত।

**ভিসা আবেদন ঃ** I-20 ফরম নিয়ে সঙ্গে অন্য কাগজপত্রাদি ১. টোফেল স্কোর, ২. I-20 ৩. পাসপোর্ট, ৪. স্পন্সার, ৫. ব্যাংক সলভেন্সি, ৬. এসএসসি ও এইচএসসি সার্টিফিকেটের মূল কপি (ফেরতযোগ্য) নিয়ে ভিসার জন্য আবেদন করুন। ভিসা প্রদানকারী কর্মকর্তাদের সঙ্গে সত্য ও সহজ জবাব দিন। তাকে বোঝার চেষ্টা করুন, আপনি শুধুই পড়াশোনার জন্য যেতে চান। তবে আগ বাড়িয়ে বা অনর্থক কোন কথা বলেন না। তার প্রতি প্রশ্নের সঠিক জবাব দেয়ার চেষ্টা করুন।

**আমেরিকায় পড়ার খরচ ঃ** আমেরিকাতে পড়ার খরচটা একটু বেশি হলেও এর তারতম্য বিভিন্ন স্টেট-এ বিভিন্ন রকম। সরকারি ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতেও তারতম্য রয়েছে। সরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে পড়াশোনার খরচ বছরে গড়ে ৫০০০ ডলার থেকে ৮০০০ মার্কিন ডলার হয়ে থাকে। বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলোতে খরচের পরিমাণ সরকারিগুলোর দ্বিগুণের মতো। এখানে পড়তে হলে অবশ্যই এক বছরের খরচ অগ্রিম দিতে হয়।



**যোগ্যতা**

Under Graduate লেবেলে ভর্তির জন্য 12th Class বা আমাদের দেশের এইচএসসি পাস এবং Graduate লেবেলে ভর্তির জন্য 14th Class বা আমাদের দেশের Degree পাস হতে হয়।

**ইউনিভার্সিটি অফ কলোরাডো, বোউলডার ঃ**

যুক্তরাষ্ট্রের বিখ্যাত রকি পর্বতমালার পাদদেশে সমুদ্র সমতল হতে এক মাইল উঁচুতে অবস্থিত এ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস। শিক্ষার্থীদের সুবিধার জন্য রয়েছে ইন্টারন্যাশনাল ইংলিশ সেন্টার। অন্য বিশ্ববিদ্যালয়ের মতোই এখানে রয়েছে বহু বিষয়। ভর্তির জন্য কমপক্ষে ৫০০ টোফেল স্কোর আবশ্যক।

বিস্তারিত জানতে হলে নিচের ঠিকানায় লিখুন—TOM NAUMANN INTERNATIONAL ADMISSION, OFFICE, UNIVERSITY OF COLORADO, BOULDER, CO 80309, USA

**ইয়েল ইউনিভার্সিটি**

নিউইয়র্ক সিটি থেকে একঘন্টা পথের দূরত্বে ১,৩০,০০০ লোক অধ্যুষিত একটি ছোট শহরে ইয়েল ইউনিভার্সিটি অবস্থিত। এটি ১২টি রেসিডেন্সিয়াল কলেজে বিভক্ত। এছাড়া রয়েছে ১১টি বিভিন্ন গ্রাজুয়েট স্কুল। এখানে ৫০০ টোফেল স্কোর প্রয়োজন। বিস্তারিত জানার জন্য যোগাযোগের ঠিকানা—

DEAN OF UNDERGARDUATE
ADMISSIONS
YALE UNIVERSITY
NEW HAVEN, CT 06520, U.S.A

**জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি**

জর্জ ওয়াশিংটন ইউনিভার্সিটি ওয়াশিংটন ডিসির প্রাণকেন্দ্রে অবস্থিত। এর প্রতিষ্ঠাকাল ১৮২১ সাল।

এখানে ইংরেজি ভাষা অনুশীলনের জন্য রয়েছে বছরব্যাপী ইংরেজি ভাষা শিখা প্রোগ্রাম। প্রধান বিষয়গুলো হচ্ছে—ইঞ্জিনিয়ার, কম্পিউটার সাইন্স, হিউম্যানিটিজ, সোস্যাল সায়েন্সেস, আর্টস, কমিউনিকেশনস, আন্তর্জাতিক সম্পর্ক বিজনেস এবং ম্যানেজমেন্ট। ভর্তির জন্য ১লা ফেব্রুয়ারি অথবা ১ নভেম্বরের মধ্যে আবেদনপত্র, টোফেল ও আর্থিক স্বচ্ছলতার সার্টিফিকেট জমা দিতে হবে। নিম্নতম টোফেল স্কোর ৫৫০। তবে পূর্বাহ্নে বিস্তারিত জানার জন্য নিম্ন ঠিকানায় যোগাযোগ করতে হবে।

MSKATHY ONION
SINIOR ASSISTANT DIRECTOR OF INTERNATIONAL
ADMISSIONS
GEORGE WASHINGTON UNIVERSITY, WASHINGTON
DE 20052, U.S.A.

**ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট**

ওয়াশিংটন ভিসিতে অবস্থিত গ্র্যাজুয়েট স্কুল পর্যায়ে এ শিক্ষা প্রতিষ্ঠানটির প্রায় সমস্ত ছাত্রছাত্রীই বিদেশী। প্রধান বিষয়গুলো হচ্ছে ম্যানেজমেন্ট, কম্পিউটার অ্যাপলিকেশনস, প্রাইভেট সেক্টর ডেভেলপমেন্ট, হিউম্যান রিসোর্সেস ডেভেলপমেন্ট ইত্যাদি। ভর্তির প্রক্রিয়াকাল তুলনামূলকভাবে স্বল্প। টোফেল স্কোরের ব্যাপারে বাধ্যবাধকতা নেই, তবে ইংরেজিতে যথেষ্ট দক্ষ হতে হবে। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগের ঠিকানা—

JANE BURKE
PROGRAM MANAGER
INTERNATIONAL INSITUTE
GRADUATE SCHOOL USDA
ROOM-140,600, MARYLAND AVE.S.W.
WASHINGTON, DC 20024, U.S.A